বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স |
| তারিখ | : ২৫ ফেব্রুয়ারি ২০২৬ |
| সময় | : সকাল ১০.৩০ মিনিট |
| সভার স্থান | : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাগণকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি উপমহাব্যবস্থাপক (বোর্ড)-কে অনুরোধ করেন। উপমহাব্যবস্থাপক (বোর্ড) আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | সভার সভাপতি, সকল মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ উপস্থিত সকলকে পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়ে উপমহাব্যবস্থাপক (বোর্ড) সভার কার্যক্রম শুরু করেন। অত:পর ২০২৬ সালের জানুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত বা সংশোধনের প্রয়োজন আছে কি না, তা জানতে চান। মহাব্যবস্থাপক (প্রশাসন) কার্যবিবরণীর ক্রমিক-৪.০ এর আলোচনা প্রেক্ষাপট বা Linkage অনুযায়ী উল্লেখ করার এবং ক্রমিক-৫.০-তে উল্লিখিত "দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA প্রদান করতে হবে" এর স্থলে "CCGP এর অনুমোদন সাপেক্ষে "দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA প্রদান করতে হবে" উল্লেখ করার প্রস্তাব করলে সে অনুযায়ী সংশোধনীসহ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে উপস্থিত কর্মকর্তগণ একমত প্রকাশ করেন। | ২০২৬ সালের জানুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | প্রকল্প ব্যবস্থাপক সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপি কোম্পানির ৫০৭তম পর্ষদ সভায় অনুমোদন শেষে প্রয়োজনীয় সংশোধনপূর্বক পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। উক্ত ডিপিপি পেট্রোবাংলার বোর্ডে অনুমোদন শেষে লিকুইডিটি সার্টিফিকেটের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে গত ২১.০২.২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের বিষয়টি ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়া গেলে ভূমি হুকুমদখলের কাজ দ্রুততম সময়ের মধ্যে শুরু করা যাবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প ব্যবস্থাপক জানান যে, | ১। প্রকল্পের লিকুইডিটি সার্টিফিকেট প্রাপ্তির বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br><br>২। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র দ্রুত সংগ্রহপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প<br><br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এবিষয়ে IIFC এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে। ToR-এর কপি প্রাপ্তি সাপেক্ষে EIA এর প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করা গেলে দ্রুত সময়ের মধ্যে ছাড়পত্র পাওয়া যাবে বলে আশা করা যায়। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপির লিকুইডিটি সার্টিফিকেটের বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সংগ্রহপূর্বক দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপন কাজ ২ মাস বিলম্ব হওয়ার বিষয়টি পিএসসি সভায় উত্থাপন করা হয়েছে। তিনি আরও জানান যে, ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমি এখনো পাওয়া যায়নি। দ্রুততম সময়ের মধ্যে ভূমি অধিগ্রহণ করা না গেলে নির্ধারিত সময়ের মধ্যে গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন করা চ্যালেঞ্জিং হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, ভোলার সাথে যোগাযোগ করা হয়েছে। জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হলে ফিল্ড বুক স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ভূমি অধিগ্রহণের বিষয়ে ৮০০ পৃষ্ঠার একটি প্রতিবেদনের মধ্যে ইতোমধ্যে ৬০০ পৃষ্ঠা স্বাক্ষরিত হয়েছে, অবশিষ্ট ২০০ পৃষ্ঠা দ্রুততম সময়ের মধ্যে স্বাক্ষরিত হবে বলে আশা করা যায়।<br><br>প্রকল্প পরিচালক আরো জানান যে, ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের সাথে সংশ্লিষ্ট পূর্ত কাজ তদারকির জন্য পেট্রোবাংলার কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটির কয়েকজন সদস্য Site পরিদর্শন করে পূর্ত কাজ যথাযথভাবে হয়নি মর্মে আপত্তি জানিয়েছে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, পূর্ত কাজের বিষয়ে কমিটির সদস্যগণের আপত্তির প্রেক্ষিতে উপমহাব্যবস্থাপক (নির্মাণ) এর মাধ্যমে বিষয়টি যাচাই-বাছাই করা হলে কোন অসংগতি পরিলক্ষিত হয়নি।<br><br>ব্যবস্থাপনা পরিচালক প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করার এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। এ ছাড়া, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ ও পূর্ত কাজ দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। | ১। প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করতে হবে।<br><br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকিপূর্বক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য পূর্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প<br><br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪। | Drilling Rig ক্রয় | বিভাগীয় প্রধান (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP) পরিচালক পর্ষদের ৫১১তম সভায় অনুমোদনক্রমে গত ০৬.০১.২০২৬ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হলে জিডিএফ (GDF) প্রকল্প বাছাই কমিটির সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক ২৫.০২.২০২৬ তারিখে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। এছাড়া, তিনি বাপেক্স এর সকল রিগকে যথাযথভাবে ব্যবহারের জন্য পর্যাপ্ত জনবলের প্রয়োজনীয়তার বিষয়টি তুলে ধরেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, আগামী ছয় মাসের মধ্যে প্রয়োজনীয়তার নিরিখে বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামোর খসড়া তৈরির কাজ চলমান আছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের ডিপিপি অনুমোদনের সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়া, বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরির লক্ষ্যে জনবলের প্রস্তাবনা দ্রুত দাখিলের নির্দেশনা প্রদান করেন। | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রেরিত পুনর্গঠিত ডিপিপি (DPP)-এর বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। প্রয়োজনীয়তার নিরিখে একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরির লক্ষ্যে জনবলের প্রস্তাবনা দ্রুত দাখিল করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | প্রকল্প পরিচালক সভায় জানান যে, "৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন" শীর্ষক প্রকল্পের আওতায় আহব্বানকৃত দরপত্রের বিপরীতে মূল্যায়িত সর্বনিম্ন দরদাতা বরাবরে NoA প্রদান এবং চূড়ান্ত চুক্তি স্বাক্ষরের অনুমোদনের জন্য গত ১১.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের ৫১২তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা "সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা কমিটি"-তে প্রেরণের অনুমোদন দেওয়া হয়। সিদ্ধান্ত মোতাবেক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ১০.০২.২০২৬ তারিখে CCGP-তে উপস্থাপন করা হলে কিছু সংশোধনের প্রস্তাবসহ পরবর্তীতে CCGP-তে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পূর্ত কাজ এবং ভূমি হুকুমদখল কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কূপ খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে শ্রীকাইল কূপের রাস্তা প্রস্তুত করা হয়েছে এবং সাইট (Site) প্রস্তুতির কাজ চলমান। | ১। CCGP-এর অনুমোদন সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA প্রদান করতে হবে।<br>২। CCDC কর্তৃক কূপ খনন কার্যক্রম শুরু করার পূর্বেই রাস্তা এবং সাইট (Site) প্রস্তুত রাখতে হবে।<br>৩। ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর কার্যালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক CCGP-এর অনুমোদন সাপেক্ষে ঠিকাদারকে দ্রুত NoA প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া, CCDC কর্তৃক কূপ খননের প্রস্তুতি শুরুর লক্ষ্যে তাঁদের আগমনের পূর্বেই রাস্তা ও সাইট (Site) প্রস্তুত রাখা এবং জেলা প্রশাসকের কার্যালয় এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | | |
| ৬। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP) পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে ২৩.০২.২০২৬ তারিখে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। লিকুইডিটি সার্টিফিকেট এর জন্য অর্থ বিভাগে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন। ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে দরপত্র আহবানের নিমিত্ত কারিগরি বির্নিদেশ ও প্রাক্কলন প্রস্তুত রাখার এবং লিকুইডিটি সার্টিফিকেট এর বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির (DPP) বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে দরপত্র আহবানের নিমিত্ত কারিগরি বির্নিদেশ ও প্রাক্কলন প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |
| ৭। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, চলতি দায়িত্ব) জানান যে, বাপেক্স-এর বর্তমানে মোট ৩০৪টি (Non-SFI ৬৩টি, SFI ২১৭টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। গত ০১.১২.২০২৫ তারিখে ১২টি SFI (অগ্রিম) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ০২টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে, যার কার্যবিবরণী পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের মাধ্যমে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য ২টি কার্যপত্র অপেক্ষমান রয়েছে এবং মন্ত্রণালয় ও বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া ১৬টি SFI (অগ্রিম) নিরীক্ষা আপত্তির ব্রডশিট জবাব পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের মাধ্যমে বাণিজ্যিক অডিট অধিদপ্তরে (বিদ্যুৎ ও জ্বালানি) প্রেরণ করা হয়েছে এবং পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্স-এর অডিট আপত্তিসমূহের ২০০০ সাল পর্যন্ত ৬টি SFI (অগ্রিম) এবং ২টি Non-SFI (সাধারণ) আপত্তির ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে। তিনি আরও জানান যে, বাপেক্স এর বিভিন্ন বিভাগ/উপবিভাগ/প্রকল্প/স্থাপনা হতে উপস্থাপিত ক্রয় প্রস্তাবে "ভ্যাট-ট্যাক্সসহ" উল্লেখ থাকায় নিরীক্ষা আপত্তি উত্থাপিত হওয়ার সম্ভাবনা থাকে। কারণ যে কোন ক্রয়ের ক্ষেত্রে ট্যাক্স ঠিকাদার | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে।<br>২। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বাপেক্স এর আর্থিক শৃঙ্খলা/ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত বিধিবিধান এর বিষয়ে হিসাব ও অর্থ বিভাগ, নিরীক্ষা উপবিভাগ ও ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণপূর্বক একটি দপ্তর আদেশ জারি করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা)<br>২। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠান/বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয়। তাই, নথি উপস্থাপনের সময় "ভ্যাটসহ" কথাটি উল্লেখ করতে হবে। তবে, ট্যাক্স যদি দিতে হয় তাহলে নোটাংশে উপস্থাপনের সময়ে ট্যাক্স শব্দটি উহ্য রাখা সমীচীন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান ও ব্রডশিট জবাব প্রদানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা কমানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা এবং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বাপেক্স এর আর্থিক শৃঙ্খলা/ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত বিধিবিধান এর বিষয়ে হিসাব ও অর্থ বিভাগ, নিরীক্ষা উপবিভাগ ও ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণপূর্বক একটি দপ্তর আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৮। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের পর গত ২১.০২.২০২৬ তারিখে রিগ আপ করা হয়েছে। তবে, বিয়ানীবাজার-২ কূপে ওয়ার্কওভার কাজ চলমান আছে বিধায় রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে Well Kill করার কাজ কিছু দিন বিলম্ব হতে পারে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন। তিনি আরও জানান যে, রূপগঞ্জ-১ কূপে Slimhole থাকায় ওয়ার্কওভার কার্যক্রমের সময় উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে সজাগ থাকার জন্য সংশ্লিষ্ট বিভাগসমূহকে অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত রিগ কমিশনিং কাজ সম্পন্ন করে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার শুরু করার নির্দেশনা প্রদান করেন এবং ওয়ার্কওভার কাজ চলাকালীন সময়ে উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে প্রকৌশল বিভাগকে পূর্ব-প্রস্তুতি নিয়ে রাখার পরামর্শ প্রদান করেন। | ১। দ্রুত রিগ কমিশনিং সম্পন্ন করে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার শুরু করতে হবে।<br>২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ চলাকালীন সময়ে উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে পূর্ব-প্রস্তুতি নিয়ে রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (ওয়ার্কওভারের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগ) |
| ০৯। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, ওয়ার্কওভার কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে টিউবিং উত্তোলন ও প্যাকার মিলিং সম্পন্ন হয়েছে এবং ১টি Cement Sqeeze Operation সম্পন্ন হয়েছে। আগামী মার্চ ২০২৬ এর মধ্যে ওয়ার্কওভার সম্পন্ন হবে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ড. মোঃ আশিক হোসেন জানান যে, সেমুতাং-৬ কূপে সম্পাদিত কেসড হোল লগের ফলাফল হতে প্রতীয়মান হয় যে, উৎপাদনরত জোনটি Watered out হয়ে গেছে। বর্তমানে ১৪০৭-১৪২৪ মিটারের জোন হতে উৎপাদনে যাওয়ার প্রয়োজন হবে। এখানে উল্লেখ্য খননকালীন DST পরিচালনা কালে ৫.৯৮ MMscfd গ্যাস প্রবাহের সাথে ২৭৩ bbl/day পানির প্রবাহ পাওয়া যায় এবং অতিরিক্ত পানি প্রবাহের কারণ হিসেবে সিমেন্ট ভালো না থাকার বিষয়টি বিবেচনা করা হয়। জোনটিতে Cement Sqeeze করত zonal isolation এর বিষয়টি নিশ্চিত হয়ে পরবর্তী DST সম্পাদন | ১। সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১০। | সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এবং সুন্দলপুর-৪ কূপ খনন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বিয়ানীবাজার-২ ওয়ার্কওভার শেষে সুন্দলপুর-৪ কূপ খননের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ স্থানান্তরের দরপত্র আহ্বানের নিমিত্ত কমিটি কর্তৃক কারিগরি বিনির্দেশ ও দাপ্তরিক প্রাক্কলন তৈরির কাজ এবং 3rd Party Hiring-এর কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক এই মুহূর্তে সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভার সম্পাদনের প্রয়োজন আছে কি না জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (উৎপাদন) প্রকৌ: শাহ মোঃ সিরাজুস সালেকিন জানান যে, সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভার সফলভাবে সম্পন্ন করা গেলে দৈনিক প্রায় ৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদন করে সম্ভব হবে। জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহের জন্য পাইপ লাইন বিদ্যমান থাকায় দ্রুত সময়ের মধ্যে গ্যাস সরবরাহ করা সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক সুচিন্তিতভাবে সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের বিষয়টি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জি এন্ড জি কমিটির সভা আয়োজন করার এবং সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের বিষয়টি সুচিন্তিতভাবে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জি এন্ড জি কমিটির সভা আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ১১। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrester) স্থাপন কাজ ২৬.০২.২০২৬ তারিখে শুরু হবে। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে স্থাপিত লিফটের (Elevator) বিভিন্ন যন্ত্রাংশের ব্যবহারকাল বা মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ডের বিষয়ে নিয়মিত তদারকিপূর্বক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং বাপেক্স এর কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে লিফটের যন্ত্রাংশের মেয়াদ খতিয়ে দেখে দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ড প্রতিরোধে নিয়মিত তদারকি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrester) দ্রুততম সময়ের মধ্যে স্থাপন করতে হবে।<br>৩। বাপেক্স ভবনে স্থাপিত লিফটের (Elevator) বিভিন্ন যন্ত্রাংশের ব্যবহারকাল বা মেয়াদ (Lifetime) সম্পর্কিত কমিটির সুপারিশ অনুযায়ী দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১২। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১২.১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণ করা খুবই জরুরি। অন্যথায় মালামাল গুলো নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে কাপাসিয়ায় একটি গোডাউন বা ওয়্যারহাউজ তৈরির লক্ষ্যে গঠিত কমিটির প্রতিবেদন দাখিল ও সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মূল্যায়ন কাজ যথাযথভাবে সম্পাদন করার বিষয়ে একটি দপ্তর আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দরপত্র মূল্যায়ন কাজ যথাযথভাবে সম্পাদন করার বিষয়ে একটি দপ্তর আদেশ জারি করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | ১২.২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় সভায় জানান যে, বাপেক্স-এর চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষিত মালামাল ও যন্ত্রপাতি সংশ্লিষ্ট Software Crack করার কারণে Back up না থাকায় MRR করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে বিস্তারিত তথ্য অবহিত করার জন্য উপমহাব্যবস্থাপক প্রকৌ: মোঃ আরমান ইবনে আজিজ এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে, বাপেক্স-এর চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষিত মালামাল ও যন্ত্রপাতির ২০১৯ সালের পর কোন Back up না থাকায় Index নম্বর ভুল হচ্ছে। অনেক সময় ম্যানুয়াল কার্ড থেকে Index নম্বর লেখার কারণে দীর্ঘ সময় ব্যয় হচ্ছে। মহাব্যবস্থাপক (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে মালামাল ও যন্ত্রপাতি সংশ্লিষ্ট Store Management Software হালনাগাদ/ Restore করার লক্ষ্যে গত ১৭.০২.২০২৬ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম চলমান আছে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, পূর্বের প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ না থাকায় নতুন একটি প্রতিষ্ঠানের মাধ্যমে বাপেক্স-এর Store Management Software-এর Recovery এর চেষ্টা অব্যাহত রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স-এর Store Management Software হালনাগাদসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং MRR নির্ভুলভাবে করার পরামর্শ প্রদান করেন। | ১। বাপেক্সের Store Management Sotfware হালনাগাদ করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। MRR/ Index নম্বর রেকর্ড নির্ভুলভাবে করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |
| | | ১২.৩। উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) জানান যে, সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে আহবায়িত দরপত্র মূল্যায়নে কোন প্রতিষ্ঠান Responsive না হওয়ায় পুনরায় দরপত্র আহবান করা হয়েছে যা ০২.০৩.২০২৬ তারিখে উন্মোচন হবে। ব্যবস্থাপনা পরিচালক সোলার প্যানেল স্থাপনের বিষয়ে কোন বিদ্যুৎ কোম্পানির সাথে যোগাযোগ করা হয়েছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক প্রকৌ: মোঃ ইবনে আরমান আজিজ জানান যে, পাহাড়তলীতে | ১। চট্রগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপন করতে হবে।<br>২। চট্রগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগীতা কামনা করে বিদ্যুৎ | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অবস্থিত একটি বিদ্যুৎ কোম্পানির সাথে টেলিফোনে যোগাযোগ করা হয়েছে। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগীতা করা হবে মর্মে তাদের মৌখিক আশ্বাস প্রদান করা হয়েছে। তবে, উক্ত প্রতিষ্ঠানে কোন পত্র প্রেরণ করা হয়নি।<br><br>ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপনের কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন এবং সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগীতা কামনা করে বিদ্যুৎ কোম্পানিতে পত্র প্রেরণ করার পরামর্শ প্রদান করেন। | কোম্পানিতে পত্র প্রেরণ করতে হবে। | |
| | | ১২.৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, আইনি মতামত গ্রহণপূর্বক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে গত ০৭ অক্টোবর ২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে পেট্রোবাংলার সাথে এ বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত আছে। কোম্পানি সচিব জানান যে, সম্প্রতি নাইকো (Niko) সংক্রান্ত একটি রায় পাওয়া গিয়েছে। উক্ত রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কাজ চলমান আছে। তিনি আরও জানান যে, বর্ণিত বিষয়ে পেট্রোবাংলার সচিব মহোদয়ের সাথে সাক্ষাৎ করা হয়েছে। এবিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে যোগাযোগ করা হলে উক্ত বিভাগ হতে আইনী মতামতের জন্য আইন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে আশ্বস্ত করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ রাখা এবং নাইকো (Niko) সংক্রান্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২। Niko সংক্রান্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br><br>২। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| | | ১২.৫। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জানান যে, বাপেক্স এর বিভিন্ন প্রকল্পের মালামাল/যন্ত্রপাতি আমদানিকালে Pre-Shipment Inspection (PSI) যথাযথভাবে সম্পাদন না হওয়ায় Shipment বিলম্ব হচ্ছে। ফলে, চট্টগ্রাম বন্দর হতে মালামাল খালাসকালে শুল্ক/মাশুল প্রদান করতে হচ্ছে এবং প্রকল্পের কাজ দীর্ঘায়িত হচ্ছে। তিনি আরও জানান যে, তাঁর প্রকল্পের মালালাল আমদানিকালে প্রায় ৪০টি পত্র প্রেরণ করার পরও Pre-Shipment Inspection (PSI) যথাসময়ে সম্পন্ন না হওয়ায় বাপেক্স আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। তাই এ বিষয়ে সুরাহা হওয়া অতীব জরুরি। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বর্তমান PSI প্রতিষ্ঠানকে বিদ্যমান রেখে নতুন PSI প্রতিষ্ঠানকে নিয়োজন করা যাবে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান যে, উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে নতুন | ১। নিরীক্ষা উপবিভাগের মতামত গ্রহণপূর্বক নতুন PSI প্রতিষ্ঠানকে নিয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। PSI/প্রশিক্ষণ এর জন্য কর্মকর্তা মনোনয়নের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)<br><br>২। সকল মহাব্যবস্থাপবৃন্দ/প্রকল্প পরিচালকবৃন্দ |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | PSI প্রতিষ্ঠানকে নিয়োজন করা যাবে। তবে, এক্ষেত্রে নিরীক্ষা উপবিভাগের মতামত নেয়ার প্রয়োজনীয়তা রয়েছে। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, PSI/প্রশিক্ষণ এর জন্য কর্মকর্তা মনোনয়নের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হচ্ছে। PSI এর জন্য কর্মকর্তা মনোনয়নের জন্য কোন পত্র আসলে Procurement Entity (PE) অর্থাৎ মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অবহিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার অনুরোধ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নিরীক্ষা উপবিভাগের মতামত গ্রহণপূর্বক নতুন PSI প্রতিষ্ঠানকে নিয়োজন করার ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন এবং PSI/প্রশিক্ষণ এর জন্য কর্মকর্তা মনোনয়নের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করার পরামর্শ প্রদান করেন। | | |
| | | ১২.৬। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, ২০০৪-২০০৫ সালের কিছু অকেজো মালামাল ও যন্ত্রপাতি শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে পরিত্যক্ত অবস্থায় রয়েছে। উক্ত মালামাল বা যন্ত্রপাতি মালামালের মধ্যে ব্যবহারযোগ্য এবং অকেজো মালামালের তালিকা তৈরি করা আছে। এমতাবস্থায়, বাপেক্স এর অকেজো মালামাল নিলাম কমিটির মাধ্যমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে পরিত্যক্ত মালামাল ও যন্ত্রপাতি অন্য স্থাপনায় স্থানান্তর না করে বর্তমান অবস্থানে রেখেই কীভাবে বাপেক্স-এর অকেজো মালামাল নিলাম তালিকায় অন্তর্ভুক্ত করা যায়, তা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে পরিত্যক্ত মালামাল/যন্ত্রপাতি অকেজো মালামাল নিলাম তালিকায় অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | | ১২.৭। মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় জানান যে, বাপেক্সে নবযোগদানকৃত ৬৯ জন কর্মকর্তাকে বসার স্থান (Workstation) এবং কম্পিউটার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ইতোমধ্যে একটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (অর্থ) জানান যে, স্থান সংকুলান না হওয়ায় হিসাব ও অর্থ বিভাগে নবযোগদানকৃত কর্মকর্তাগণকে বসার স্থান (Workstation) দেয়া সম্ভব হচ্ছে না। তাই, বিষয়টি জরুরি ভিত্তিতে সুরাহা করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্স ভবনের ফাউন্ডেশন অনুযায়ী ২০ তলা পর্যন্ত বর্ধিত করা যায়। বর্তমানে ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর নির্মাণ করার মাধমে কর্মকর্তাগণকে বসার স্থান (Workstation) সংক্রান্ত সমস্যা সমাধান করার লক্ষ্যে গত ২৭.০১.২০২৬ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। | ১। বাপেক্স ভবন ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)-ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবন ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | | |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌশলী মোঃ ফজলুল হক
সভাপতি, মাসিক সমন্বয় সভা
এবং
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ..........................................................বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ......................................................বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক..........................................বাপেক্স।
৪) অফিস কপি।